




www.sanjaymukherjee.com
E-mail : sanjoymukherjeewrites@gmail.com
Blog : sanjoywrites.blogspot.com

## সঞ্জয় মুখোপাধ্যায়ের বই পাবেন

**ঘরে বসে ফোন করে**

**9333846400**

## কলেজ স্ট্রীটে পাবেন

**প্রাপ্তিস্থান ঃ ইউ এন ধর, অভিযান, ধ্যানবিন্দু**

# সঞ্জয় মুখোপাধ্যায়

## প্রাবন্ধিক | কবি | লেখক | সাংবাদিক

## ৫০টি বই
## সম্পূর্ণ পুস্তক তালিকা

**সমাজ সংস্কৃতি অর্থনীতি**
**রাজনীতি দর্শন কবিতা**



“

এই সময়ের কথাকার - আনন্দবাজার
“তীক্ষ্ণ যুক্তি তথ্য বিশ্লেষণে
সঞ্জয় মুখোপাধ্যায়ের লেখা এই সময়ের ছবি তুলে ধরে” -দেশ

“নিরপেক্ষ বিশ্লেষণে চোখ খুলে দেয় সঞ্জয় মুখোপাধ্যায়ের লেখা ।” ....আজকাল

“সাম্প্রতিক সময়ে বাঙালি ভাবুকদের ভিতর তথাকথিত আকাদেমিক মহলের বাইরে দাঁড়িয়ে অর্থনীতি নিয়ে মুষ্টিমেয় যাঁরা বিশেষ গুরুত্বে ভাবনা চিন্তা করছেন তাঁদের মধ্যে অন্যতম সঞ্জয় মুখোপাধ্যায় ।” ... সাপ্তাহিক বর্তমান

“সঞ্জয় মুখোপাধ্যায়ের লেখার ঘরানা চমস্কির মতো যা বাস্তবের মুখোমুখি দাঁড় করিয়ে দেয়....” একদিন

“স্বামী বিবেকানন্দের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে চেয়ে অসংখ্য লেখক লেখিকা গ্রন্থ বা প্রবন্ধ রচনা করেছেন । তাঁদের মধ্যে এই লেখকের রচনার বিশিষ্ট্যতা লক্ষ্য করার মতো । উদ্বোধন পত্রিকা

”


### অর্থনৈতিক বিশ্লেষক

বর্তমান, আজকাল, এই সময়, দৈনিক স্টেটসম্যান ও একদিন কাগজের সম্পাদকীয় প্রবন্ধকার আনন্দবাজার, যুগান্তর, পরিবর্তন, প্রতিক্ষণের প্রাক্তন রিপোর্টার ওভারল্যান্ড পত্রিকার প্রাক্তন অর্থনীতি বিভাগীয় সম্পাদক ইন্ডিপেন্ডেন্ট নিউজ এজেন্সি ও রাজপথ দৈনিক পত্রিকার প্রাক্তন বার্তা সম্পাদক

**সম্পাদক : বোধ**

মহাবঙ্গ শিক্ষারত্ন ও ব্রিটিশ কাউন্সিল দ্বারা সম্মানিত । প্রিন্সিপাল : ব্রিলিয়ান্ট ইংলিশ একাডেমি ।

প্রকাশক : বোধিসত্ত্ব ও বাতায়ন




## নীতি-দুর্নীতি বিকল্পের সন্ধানে


এই দেশের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি, দুর্নীতির রাজনীতি সমানে দুর্নীতিকেই একটা বেঁচে থাকার মূল্যবোধে পরিণত করে দিয়েছে। আসলে এর অন্তরালে কাজ করে এক অন্য সমীকরণ, সেটা কী, কীভাবে ও কেন দুর্নীতিতে বিপন্ন এই দেশ, সমাজ প্রজন্মের পর প্রজন্ম, এর বিরুদ্ধে সমাজ থেকেই উঠে আসে প্রতিবাদের স্বর, আন্না হাজারে থেকে আপ এবং তারপর...নতুন ছকে দেশের রাজনীতিতে নীতি দুর্নীতির আঘাতী সমীকরণের বিকল্প খোঁজে মানুষ। কী সেই বিকল্প, বাম রাজনীতির দিশারী সিপিএম কেন দিশেহারা? কোন পথে বাঁচতে পারে গণতন্ত্র এমন সব প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতে সঞ্জয় মুখোপাধ্যায় খুঁজেছেন মুক্তি কোন পথে, বিকল্পের সন্ধানে এই বই নতুন ভাবনার খোরাক জোগায়।

**₹ ২০০/-**


**প্রকাশক ঃ**
**মডেল পাবলিসার্স হাউস**

## কালো টাকা ও অর্থনীতির অন্যান্য

দুর্নীতি থেকে জন্ম নেয় কালো টাকা। কালো টাকাই জন্ম দেয় আরো বড় দুর্নীতির। দুর্নীতি ও কালো টাকার দুষ্টচক্রে খুলতে থাকে দেশের রাজনীতি - প্রশাসন - সমাজে ঘুরতে থাকে এরই পাপ চক্রে। কীভাবে? কিভাবে চলে দাম বাড়ানোর নীল নকশা এদেশে টিকিয়ে রাখা হয় কেন দারিদ্র? লেখক সঞ্জয় মুখোপাধ্যায় এই বইতে খুঁজেছেন এসবের উত্তর, রেখেছেন বিকল্পের পথ সন্ধানে কিছু ভাবনা।
**প্রকাশক ঃ মনফকিরা**




**₹ ১২০/-**





**₹ ১৭০/-**

## বিপন্ন গণতন্ত্র লুঠেরা কর্পোরেটতন্ত্র ও অন্যান্য


এদেশে এখন গণতন্ত্র সত্যিই বিপন্ন। একদিকে ধর্মনিরপেক্ষতার সাংবিধানিক আদর্শ প্রতিদিন লঙ্ঘিত হচ্ছে, তা নিয়ে উদ্বিগ্ন জনতাকে বিরোধে-প্রতিবাদে ব্যস্ত রেখে অন্যদিকে চলছে ব্যাপক কর্পোরেট-লুঠ-জল, জমি থেকে এখন তাদের নজর পড়েছে জনতার সঞ্চিত অর্থের দিকেও। আমজনতা অসহায়। একগুচ্ছ রচনায় লেখক এই দুঃসময়ের কথা তথ্য-সহ পেশ করেছেন। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## বিপন্ন দেশ - কাল - সমাজ

ধর্মীয় সাম্প্রদায়িকতার আস্ফালন, অহিষ্ণুতা ও উগ্র জাতীয়তাবাদের মোড়কে এক দিকে সমাজের মধ্যে আড়াআড়ি বিভাজন, অন্য দিকে বৃহৎ পুঁজির স্বার্থে প্রচলিত অর্থনীতির খোলাখুলি সংস্কার। দ্বিমুখী এই আক্রমণে বিপন্ন দেশ, বিপন্ন সমাজ। কী ভাবে উন্নয়নের নাম করে পরিকল্পিত রাজনীতির বুনোটে দেশের আমজনতা হারাচ্ছে জীবন-জীবিকা, কী ভাবে দেশের মূল্যবান সম্পদ কুক্ষিগত হয়ে পড়ছে বৃহৎ পুঁজির হাতে, এই নিয়ে একগুচ্ছ প্রবন্ধে নয়া রাজনীতি-অর্থনীতির গ্রান্ড ডিজাইনটি স্পষ্ট করা হয়েছে এই বইয়ে। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




**₹ ১৭০/-**




**₹ ১৭০/-**


**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## গণতন্ত্রের সংকট

এদেশের সংবিধান রচয়িতারা দেশটাকে গণতান্ত্রিক, প্রজাতান্ত্রিক এবং সমাজতান্ত্রিক লক্ষ্যে পরিচালনার স্বপ্ন দেখেছিলেন। সাতটি দশক পেরিয়ে সেই গণতন্ত্র এখন ভোটতন্ত্রে পরিণত। ক্ষমতা ও পুঁজির জোট বন্ধনে মুষ্টিমেয়'র গণতন্ত্রে পর্যবসিত। স্বাধীন ভারতে রাষ্ট্রীয় উন্নয়নে সাতকোটি মানুষ ভিটে ছাড়া, জোটেনি পুনর্বাসন। দেশের মানুষেকে কথা বলতে হয় সভয়ে। মুক্তচিন্তা ও মতপ্রকাশের স্বাধীনতাকামীরা রাষ্ট্রের চোখে দেশদ্রোহী। মিডিয়াকেও চোখ রাঙাচ্ছে ক্ষমতাসীন দল। বিচার ব্যবস্থায় রাজনীতির কালসাপ। দুর্নীতি-স্বজনপোষনের রাজনীতি কেড়ে নেয় মানুষের অধিকার। গণতন্ত্রের নামে দলতন্ত্রের মহোৎসব। গণতন্ত্রে এহেন সংকট কীভাবে এল? এথেকে উদ্ধারের পথই বা কী, এই নিয়েই এই বইতে একেবারে গভীরে গিয়ে দল-নিরপেক্ষ অলোচনা।


## ক্ষমতাতন্ত্র

দেশে একপ্রকার নির্বাচিত একনায়কতন্ত্র চলছে। সংসদের উভয় কক্ষে সংখ্যাগরিষ্ঠতা থাকলে গণতন্ত্রে সেটাই হয়ে যায়। কোনো একটি দল যদি আইনসভায় শেষ কথা বলার চূড়ান্ত ক্ষমতা পেয়ে যায় তাহলে নির্বাচিত সরকারকে ঘিরেই তৈরি হয় ক্ষমতার নিজস্ব চক্র, যা গণতন্ত্র সরিয়ে ক্ষমতাতন্ত্র প্রতিষ্ঠা করে।মোদী সেই ক্ষমতা তন্ত্রের একাধারে মুখ এবং সেই ক্ষমতার অন্যতম উৎস যাকে ঘিরেই এই ক্ষমতায়নের প্রক্রিয়া... হিন্দুত্ব, হিন্দুজাতীয়তাবাদ ও কর্পোরেট উন্নয়নের ত্রিফলায় বিপন্ন দেশের বহুত্ববাদী সম্প্রীতির ঐতিহ্য, সংবিধানের সমাজতান্ত্রিক আদর্শ আর ভারত রাষ্ট্রের জনকল্যাণমূলক চরিত্র ক্রমশ বিলীয়মান, বদলে জনমন করে নিচ্ছে এক দেশ এক নিয়ম একনায়কের নেতৃত্ব। এর পরিণাম? কোন দিকে চলেছে দেশ? আমাদের সমাজ? আলোচনা করেছেন প্রখ্যাত সাংবাদিক সঞ্জয় মুখোপাধ্যায়। সাম্প্রতিক সময়কালে বর্তমান, আজকাল, এই সময় কাগজে প্রকাশিত নানা উত্তর সম্পাদকীয় প্রবন্ধ পরিমার্জিত ও পরিবর্ধিত করে এই বই সমকালীন সময়ের দলিল হয়ে উঠেছে।




**₹ ১৭০/-**

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**





## বিপন্ন মধ্যবিত্ত

এদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ মধ্যবিত্ত। তারা ভোট দেন কর্পোরেট উন্নয়নের প্রতিশ্রুতিতে দক্ষিণপন্থী দলগুলিকে। ক্ষমতাসীন প্রতিটা দল তাই সরকারে এসে যাবতীয় অর্থনৈতিক সিদ্ধান্ত নেন কর্পোরেট উন্নয়নের খাতিরে, আর মধ্যবিত্ত মানুষ মনে করেন তাদের স্বপ্ন সফল হচ্ছে। কিন্তু সত্যিই কি তাই? ক্রমশ তাদের ক্রয় ক্ষমতা কমছে। সঞ্চয় কমছে। বিপন্নতার কারণ কি? জানতে হলে পড়তে হবে এই বই। বাংলায় এই প্রথম। জানতে গেলে এই বই পড়তে হবে। তথ্য, যুক্তি, বিশ্লেষণে বাংলায় এই রকম বই প্রথম। **প্রকাশক : বোধিসত্ত্ব**

₹ ১৭০/-

## শিক্ষার সংকট শিক্ষার রাজনীতি

একটা উন্নয়নশীল দেশের সরকার যখন শিক্ষার সমস্যা দেখেও দেখতে চায় না, প্রয়োজনের তুলনায় যৎসামান্য দিয়ে হাত গুটিয়ে বসে থাকে, তখন প্রশ্নটা ওঠে সরকারের সদিচ্ছা নিয়ে। জনগণকে অজ্ঞ রাখতে পারলে ভোট পাওয়া সুবিধাজনক হয়। তাই, শিক্ষার ক্ষেত্রটাকে রাজনীতির স্বার্থে ব্যবহার করা হয়। 'শিক্ষানীতিতে' অর্থনীতির প্রয়োজন মেটাতে শুধুমাত্র কিছু কর্মী সৃষ্টি করার কথা ভাবা হয়। শিক্ষা যে দেশ ও সমাজের মানবিক উন্নয়ন ও অসাম্য দূরীকরণের মাধ্যম-সেই ভাবনাটাই নেই। অশোকেন্দু সেনগুপ্তের সঙ্গে যৌথভাবে লিখিত এই বইতে শিক্ষা নিয়ে এমন নানা দিক থেকে আলোচনা করা হয়েছে।




₹ ২০০/-

**প্রকাশক : বোধিসত্ত্ব**




₹ ১৭০/-


## নোট বাতিলের রাজনীতি-অর্থনীতি

পাঁচশো ও হাজার টাকার নোট বাতিল কি সত্যিই কালো টাকা ও দুর্নীতি বন্ধের লক্ষ্যে হয়েছিল, নাকি হিসেব কষেই দেশের মানুষকে নাকাল করে ক্রমে বাধ্য করা হচ্ছে বৈদ্যুতিন লেনদেনে? যার পেছনে আসলে রয়েছে বিস্তীর্ণ গ্রামভারত আর আধা-শহরের জীবন-জীবিকা বরবাদ করে, খুচরো বাজারকে ছারখার করে তা সংগঠিত বৃহৎ পুঁজির দখলে আনার সুপরিকল্পিত রাজনীতি। এই নিয়ে বিস্তৃত আলোচনা। এ সময়ের অবশ্যপাঠ্য।


**প্রকাশক : মনফকিরা**

## বিশ্বায়ন সংকট উত্তরণ যেভাবে চলছে দুনিয়া

ভারতের মতো উন্নয়নশীল দেশগুলো বিশ্বায়নের কতটুকু সুফল পেয়েছেন? নাকি বিশ্বায়নের আড়ালে এও এক বিশ্বজুড়ে অর্থনীতিক উপনিবেশবাদ? বিশ্বায়ন ভেঙে দিয়েছে সামাজিক কাঠামো ও ব্যক্তিগত সম্পর্কের বাঁধনগুলো। মানবিক স্ফুরণহীন এই আর্থিক বিকাশ ব্যক্তি মানুষ ও গোটা মানব সমাজকে ঠেলে দিচ্ছে নিরন্তর বিচ্ছিন্নতার দিকে। তীব্র আর্থিক চাপে মানুষ ক্রমশ একা হয়ে যাচ্ছে। এর পরিণতি কী? এই বইতে সংকট থেকে বেরিয়ে নতুন পথের সন্ধানে লেখক সঞ্জয় মুখোপাধ্যায়। **প্রকাশক : বোধিসত্ত্ব**




₹ ১৮০/-




₹ ১৮০/-

## মিডিয়া বাজার রাজনীতি

বিশ্বায়নের পর থেকে ক্রমশ বদলে যাচ্ছে মিডিয়া। এক সময় যা ছিল গণকণ্ঠ, এখন তা হয়ে গেছে গণ পণ্য। কী করে এমনটা হল, গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ কর্পোরেটতন্ত্রের অন্যতম স্তম্ভ হয়ে গেছে। মিডিয়ার এই কর্পোরেটকরণে মানুষ ও সমাজের অবস্থান কী, কোন ভয়ঙ্কর ভবিষ্যতের দিকে এগিয়ে চলেছি আমরা, এমন গুরুতর প্রশ্ন তুলে এই বইতে খোলাখুলি আলোচনা করেছেন প্রখ্যাত সাংবাদিক ও লেখক সঞ্জয় মুখোপাধ্যায়। দীর্ঘ সাড়ে তিন দশকের বেশি সময় ধরে তিনি মিডিয়ার সঙ্গে যুক্ত। তুলে ধরেছেন নগ্ন সত্য, বাংলা ভাষায় মিডিয়া নিয়ে এমন বই প্রথম। **প্রকাশক : বোধিসত্ত্ব**

## করোনার রাজনীতি এবং তারপর

সঞ্জয় মুখোপাধ্যায়ের অন্তর্ভেদী বিশ্লেষণে লেখা এই বই চিনিয়ে দিয়ে গেল নির্মম বাস্তবতা। করোনা মহামারির চরম বিপন্নতার মধ্যেও ক্ষমতার রাজনীতি কতটা নির্দয়, কিভাবে মানুষ মরছে দেখেও রাষ্ট্রগুলি হাত গুটিয়ে থাকে, মানুষ কতটা মানুষের সমাজেই অসহায়। এই বইতে লেখক দেখিয়েছেন কিভাবে আন্তর্জাতিক বৃহদ পুঁজি, সরকার, চরম সংকটেও দায় এড়িয়েছে। বড় বড় আন্তর্জাতিক ওষুধ কোম্পানি কিভাবে এখনও ভ্যাকসিনের নামে ব্যবসা করছে, কিভাবে মানুষের বিপন্নতায় মুনাফা লুটছে কোটি কোটি টাকা। এই বইতে লেখক দেখিয়েছেন করোনা সংকট কিভাবে মানুষকে মধ্যবিত্তকে দরিদ্র এবং দরিদ্রকে আরো অসহায় করে দিয়েছে। কিভাবে বদলে দিচ্ছে সমাজ, শিক্ষা, স্বাস্থ্য, আগামীদিনের অর্থনীতি এবং ভবিষ্যত।




₹ ১৮০/-

**প্রকাশক : বোধিসত্ত্ব**

# সঞ্জয় মুখোপাধ্যায়ের সঙ্গে বরেণ্য চিন্তাবিদদের আলোচনা




₹ ৩০০/-


**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## এই দেশ এই সময়

মেধাপাটেকর থেকে রণবীর সমাদ্দারের মতো বিদগ্ধ সমাজতত্ত্ববিদ, প্রণব বর্দ্ধন থেকে রতন খাশনবিশ, অচিন চক্রবর্ত্তীর মতো দিক্ষনীয় অর্থনীতিবিদ, বিভাস চক্রবর্ত্তী থেকে প্রতুল মুখোপাধ্যায় পর্যন্ত পুরোধা সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং প্রখ্যাত সাংবাদিক আনন্দবাজারের প্রাক্তন সম্পাদক অনির্বান চট্টোপাধ্যায়, কল্যাণ ভদ্র, শিক্ষাবিদ অশোকেন্দু সেনগুপ্ত কী ভাবছেন এই সময়কে নিয়ে? এই সময়ের চরিত্র বিশ্লেষণ করে এই দেশের জাতির অভিমুখ ও রাজনৈতিক, সামাজিক বদলের প্রকৃতি বোঝার চেষ্টা করেছেন সঞ্জয় মুখোপাধ্যায় অন্তহীন আলাপে সংলাপে। উপন্যাসের মতো পরতে পরতে বাঁক নেওয়া গতিশীল বিশ্লেষণে বিদগ্ধজনেরা বলে চলেন এই দেশ কাল সমাজ নিয়ে অর্ন্তভেদী বিশ্লেষণ। এই সময়ে এই দেশকে বুঝতে এ এক অমূল্য বই।

## গণতন্ত্র ক্ষমতা মানবাধিকার

গণতন্ত্র কি কেবলই সংবিধানের উচ্চারণে? শপথ বাক্য পাঠ ক্রমশ প্রহসন হয়ে যায় যখন বিনা বিচারে লুণ্ঠিত হয় মানবাধিকার। ক্ষমতার আগ্রাসনে প্রতিষ্ঠিত হয় কোনো এক শ্রেণির প্রতিনিধিস্বরূপ কোনো এক ব্যক্তি বা দলের একচ্ছত্র শাসন। মানুষের অধিকার, জনকল্যাণ, সর্বশ্রেণীর স্থায়ী উন্নয়ন ও দেশের বিকাশ আজ ক্রমশ ভুলতে বসেছে শাসক শ্রেণি। কেন? তাহলে এর থেকে বেরিয়ে আসার উপায়? আলোচনায় দেশের প্রথম সারির কয়েকজন বিদগ্ধ ব্যক্তিত্ব, এই বইতে তুলে ধরা হল তাঁদের ভাবনা পাঠকের কাছে। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ১৮০/-




₹ ১২০/-


## নোট বাতিলের অন্তরালে

এদেশের ১৫০ লাখ কোটি অর্থনীতির মাত্র ৩-৬ / কালো ধন থাকে নগদে। নোট বাতিল করে যে কালো টাকা কমানো যায় না তা সরকারি রিপোর্টে প্রকাশ। তা সত্বেও কীসের জন্য মোদী নোট বাতিলের পথে হাঁটলেন? অর্থনীতি-রাজনীতির নানা দৃষ্টিকোণ থেকে এর কারণ, ভালো ও মন্দের দিকগুলো অনুসন্ধান করলেন অর্থনীতিবিদ রতন খাশনবিশ ও অভিরূপ সরকার, রাজনৈতিক ভাষ্যকার অসীম চট্টোপাধ্যায় ও বিশ্বনাথ চক্রবর্ত্তী, প্রাবন্ধিক সুজন ভট্টাচার্য ও সঞ্জয় মুখোপাধ্যায়। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**


# সম্পাদিত বই

## এনআরসি সিএএ কী ও কেন?

NRC, CAA এই দুই নিয়ে ঐতিহাসিক প্রতিবাদী আন্দোলনে বিরোধী রাজনৈতিক দল থেকে শুরু করে সাধারণ মানুষ, ছাত্র, যুব, সর্ব শ্রেণীর মানুষ পথে নেমেছে। স্বাধীনতার পর এমন স্বতঃস্ফূর্ত গণ আন্দোলন দেশবাসী দেখেনি। কারণ? সত্যিই মানুষ আতঙ্কিত। এতদিন এদেশে থাকার পর তাদের কি শেষে নাগরিকত্ব হারাতে হবে? প্রশ্ন উঠেছে সরকারের একটি নির্দিষ্ট সংখ্যালঘু ধর্মীয় গোষ্ঠীকে বাদ দিয়ে শরণার্থীদের নাগরিকত্ব দেওয়া নিয়েও। তাহলে কি ভারত তার ধর্মনিরপেক্ষতা হারাতে চলেছে? দেশটা হিন্দু রাষ্ট্র হয়ে যাবে? সাধারণ মানুষের শঙ্কা ও বিরোধিতার মধ্যেই আমরা চেষ্টা করেছি এই দুই বিষয় নিয়ে গভীর অনুসন্ধান। সম্পূর্ণ নিরপেক্ষ দৃষ্টি নিয়ে এই মহা বিতর্কিত বিষয়টি বোঝার চেষ্টা করেছি। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ১৮০/-




₹ ১৭০/-


## শরণার্থী ও নাগরিকত্বের রাজনীতি

NRC, CAA এই দুই নিয়ে ঐতিহাসিক প্রতিবাদী আন্দোলনে বিরোধী রাজনৈতিক দল থেকে শুরু করে সাধারণ মানুষ, ছাত্র, যুব, সর্ব শ্রেণীর মানুষ পথে নেমেছে। স্বাধীনতার পর এমন স্বতঃস্ফূর্ত গণ আন্দোলন দেশবাসী দেখেনি। কারণ? সত্যিই মানুষ আতঙ্কিত। এতদিন এদেশে থাকার পর তাদের কি শেষে নাগরিকত্ব হারাতে হবে? প্রশ্ন উঠেছে সরকারের একটি নির্দিষ্ট সংখ্যালঘু ধর্মীয় গোষ্ঠীকে বাদ দিয়ে শরণার্থীদের নাগরিকত্ব দেওয়া নিয়েও। তাহলে কি ভারত তার ধর্মনিরপেক্ষতা হারাতে চলেছে? **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## অসম সমস্যা বাঙালী বিপন্নতা ও অন্যান্য


অসম শিরোনামে আবার।

এনআরসির চূড়ান্ত খসড়া প্রকাশিত হওয়ার পর দেখা গেল চল্লিশ লক্ষের অধিক মানুষ নাগরিকত্ব হারাতে বসেছেন। বরাক উপত্যকার বাংলাভাষী অধ্যুষিত সমতল ও ব্রহ্মপুত্রের 'চর' এলাকা জুড়ে বসবাসকারী বাঙালিরা ধর্ম - জাতি নির্বিশেষে আক্রান্ত। সমস্যার আজও নিষ্পত্তি হয়নি বরং ডিটেনশন সেন্টারে আটক অজস্র মানুষ পশুবৎ জীবন কাটাচ্ছেন। ।। অনিশ্চয়তার ভয়াবহ বাতাবরণ সৃষ্টি হয়েছে। এই প্রেক্ষাপটে এই বই প্রকাশ করা হল। তিন ভাগে বইটি বিভক্ত: সমস্যার প্রেক্ষিত, সমস্যার রূপ এবং সমাধানের স্বরূপ সন্ধান। প্রখ্যাত মানবাধিকার কর্মী সুজাত ভদ্রের সঙ্গে যুগ্ম সম্পাদনায় প্রকাশিত।লিখেছেন তপোধীর ভট্টাচার্য, প্রশান্ত ভূষণ, প্রসেনজিৎ বসু,অনিন্দ্য ভট্টাচার্য,বিধান পুরকায়স্থ, সুরঞ্জন প্রামাণিক প্রমুখ




₹ ১৭০/-

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ২৫০/-

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## নেতাজীর ভাষণ ও মুক্তি সংগ্রাম

### বার্লিন থেকে ব্যাংকক

বিদেশের মাটি থেকে ব্রিটিশ বিরোধী সংগ্রাম চালিয়ে যাওয়ার একমাত্র মাধ্যম ছিল নেতাজীর ভাষণ। অসাধারণ বক্তৃতায় তিনি কেবল প্রবাসী ভারতীয়দের সংঘবদ্ধ করে ক্রমে ব্রিটিশ বিরোধী সেনাবাহিনী গঠন করেন নি, সুদূর জার্মানি থেকে ভাষণ দিয়ে দেশের স্বাধীনতা সংগ্রামকে প্রভাবিত করতেন, এমনকি গান্ধীজীকেও প্রভাবিত করেছেন কংগ্রেস আন্দোলনকে ব্রিটিশ বিরোধী মুখোমুখি সংগ্রামে। জাপান ও দূরপ্রাচ্যে ভাষণ দিয়ে তিনি জোগাড় করেছেন আজাদ হিন্দ বাহিনীর রসদ। সেইসব ভাষণে রয়ে গেছে ভারতের মুক্তি সংগ্রামের নেতাজীর অকথিত ইতিহাস। এই বই নেতাজী চর্চায় এক অন্য দিকের সূচনা। নেতাজীর প্রবাসী জীবনের প্রায় দেড়শতাধিক ভাষণ ঘেঁটে প্রতিটি ভাষণের উল্লেখযোগ্য ঐতিহাসিক প্রেক্ষাপট ও রাজনৈতিক তাৎপর্য বিশ্লেষণ করা হয়েছে। জাতীয় সংগ্রামে নেতাজীর অনন্য অবদানকে জানতে আরও বিস্তৃত পরিসরে বহু অজানা তথ্য তুলে আনা হয়েছে এই বইতে।

## ঋত্বিক নিজের কথায় নিজের লেখায়

ঋত্বিক ঘটক বাংলা সিনেমায় নবভাবনা ও নব আঙ্গিকের ঋত্বিক। তাঁর লেখায় ও কথায় ফুটে উঠেছে নব যুগের যন্ত্রণা, সম্ভাবনা, স্বপ্ন ও স্বপ্ন ভঙ্গের হতাশা। সত্যের সাধনায় মিথ্যের মুখোশ ছিঁড়ে ফেলার প্রতিবাদ। ঋত্বিককে চিনতে জানতে এই বই তাই এক অনবদ্য সংযোজন। সঞ্জয় মুখোপাধ্যায়ের সম্পাদনায় দুই মলাটের মধ্যে এমন এক ব্যক্তিত্বের বিপ্লবী চেতনাকে তুলে ধরা হল যা আজও আমাদের পথ দেখায়। শুধু সিনেমায় নয় আপোশহীন শিল্পী জীবনের সংগ্রামেও তিনি যে অনন্য তার স্বাক্ষর বহন করে চলেছে এই বই।

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ৩০০/-




₹ ৩০০/-

## অন্তহীন লতা


ভারতের সংগীত ইতিহাসে লতা মঙ্গেশকর হিমালয় সমান, যদিও তাঁর এই অনতিক্রম্য শ্রেষ্ঠত্ব একদিনে আসেনি। খুব ছোটবেলায় পিতৃহারা হবার পর তিনি কঠোর সাধনায় প্রস্তুত করেছেন নিজেকে। অতিক্রম করতে হয়েছে বলিউডি বাধা। ন্যায্য প্রাপ্যটুকুও জোটেনি অনেক সময়। তাই দাবী আদায়ে তাঁকে বলিউডের চলতি ব্যবস্থার বিরুদ্ধে জিহাদ ঘোষণা করতে হয়। সাধনা দিয়েই লতা মঙ্গেশকরকে জীবনের ওঠানামা মোকাবিলা করতে হয়েছে। এই বই তাই লতা মঙ্গেশকরের জীবনের কঠোর সংগ্রাম ও অনন্য সাধনার রূপরেখা।

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

# অন্যান্য বই

## আমি আমার সত্তা ও স্বরূপ

মানবসত্তা, চৈতন্য ও মানুষের স্বরূপ সন্ধানে প্রাবন্ধিক সঞ্জয় মুখোপাধ্যায়ের এই বই পাঠককে ভাবায়।প্রাচ্য ও পাশ্চাত্যের নানা দার্শনিক তত্ত্ব,বিভিন্ন ধর্মের আধ্যাত্মিক বচন ও বিজ্ঞানের সাম্প্রতিক গবেষণাকে পাশাপাশি রেখে মানব - সত্তার এমন অনুসন্ধান বাংলা ভাষায় বিরল।প্রাঞ্জল ভাষায় বিভিন্ন গূঢ় তত্ত্বের ব্যাখ্যা, গভীরতর উপলব্ধি ও মৌলিক বিশ্লেষণে বইটি যথার্থ অর্থেই এই বিষয়ে এক নতুন আলোকপাত। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ২০০/-

## শেয়ার বাজার রহস্য ঃ সফলতার সূত্র





₹ ৩০০/-

শেয়ার বাজার থেকে খুব দ্রুত রোজকার করতে চায় সাধারণ মানুষ। সেটাই সব থেকে বড় সমস্যা সেটা বোঝেনা। শেয়ার বাজার জুয়া নয় বাএখানে কোনও ম্যাজিক নেই শেয়ার বাজার শেখার বিষয়, এবং জেনে বুঝে শিখে শেয়ারে লগ্নি করলে তবেই লাভের মুখ দেখা যায়। নইলে ঘরের টাকা নষ্ঠ হয়। তাই এই বই-এর মধ্যে সেই কথাগুলো লেখা হয়েছে যাতে একজন সাধারণ মানুষ অল্প টাকা বিনিয়োগ করেও লাভের মুখ দেখতে পারেন। কি সেই পদ্ধতি? কোন ভাবে বইটি পড়লে স্টেপ বাই স্টেপ ধাপে ধাপে লেখা হয়েছে। এই বইটিকে অনুসরণ করলে শেয়ার বাজার থেকে সুনিশ্চিতভাবে লাভ ঘরে তুলতে পারবেন আপনিও। লিখেছেন শেয়ার বাজার নিয়ে গত সাড়ে তিন বছর ধরে অভিজ্ঞ অর্থনীতির বিশ্লেষক সঞ্জয় মুখোপাধ্যায়। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## SHARE TRADING

Equity investment is not a game. It is based on logic and it is very dynamic depending on multi level factors. So gaining in equity needs some strategies and techniques to get the right decision as a trader or investor? Strategy depends on it. Similarly the investor also has to decide at first whether to invest for the day or for short term upto which day or for long term. Everyone wants maximum profit with maximum risk. But for this one should learn the trading or investment secrets on which the market moves, everyone must know it. This is the book which deals on all these strategies, techniques and secrets for share trading.

**Publishers : Batayan**




₹350/-

# পরামর্শমূলক বই




₹ ৩০০/-

প্রকাশক ঃ বোধিসত্ত্ব

## জীবনে সফল হবে কীভাবে

জীবনে সফল হতে সকলেই চায়, কিন্তু বেশিরভাগ মানুষই তার পথ জানে না। তাই আশাভঙ্গ, বেদনা। ব্যর্থতার কারণ খুঁজে না পেয়ে ভাগ্যের দোষ দেওয়া চলতেই থাকে। আসলে কতটুকু ভাগ্যের জন্য, আর কতটুকু কর্মের দোষে মানুষ পিছিয়ে যায় তা বিশ্লেষণ করা দরকার। জীবনে মানুষ অনেক কিছুই চায়। কিন্তু সেটা পাওয়ার জন্য কি আদৌ সে নিজেকে সঠিকভাবে তৈরি করতে পেরেছে? নিজেকে তৈরি করা এক জীবনব্যাপী কর্ম। কোথায় নিজের দুর্বলতা, কোথায় নিজের সম্ভাবনা সব চিনে জীবনে এগোনোর কৌশল তৈরী করতে হয়।

## কর্মজগতে সফল হবেন কী করে

কর্মজগতে পা রাখার পর প্রতিপদে পদে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলতে হয়। একেক চাকরিতে অনেক রকম কাজ ও দায়িত্ব। কিন্তু কিছু নিয়ম রীতি আছে যেগুলো না পালন করলে টিকে থাকা যায় না। তেমনি অনেক জ্ঞান দক্ষতা অভিজ্ঞতা নিয়ে কেউ সেরা জায়গাটায় পৌঁছতে পারে না, যদি না নিজেকে প্রতিষ্ঠিত করার কৌশলটা না জানা থাকে। তাহলে কী সেই রীতি নীতি কৌশল যা না জানা থাকলে হারাতে হয় চাকরি আর যা জেনে ঠিক ঠিক প্রয়োগ করতে পারলে পৌঁছে যাওয়া যায় একদম শিখরে। প্রধান কর্মীদের জন্য সেই ঘর না জানা দিকগুলি তুলে ধরে লেখা হয়েছে এই বই, পেশাদারি জীবনে সাফল্য পেতে যা অধীক গুরুত্বপূর্ণ। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ৩০০/-




₹ ১৫০/-

প্রকাশক ঃ বোধিসত্ত্ব

## সন্তান মানুষ করবেন কীভাবে

পৃথিবীর প্রত্যেকটি মানুষই বোধহয় চান তাঁর সন্তান মানুষ হোক। কিন্তু মানুষ হওয়া বলতে ঠিক কী বোঝায়? মানুষ হওয়া বলতে একেক জনের ব্যাখ্যাও একেক রকম। কেউ মানুষ হওয়া বলতে বোঝেন ভাল কোনও চাকরি-বাড়ি-গাড়ি করা, কেউবা মনে করেন ভালভাবে তাদের ব্যবসা পরিচালনে ক্ষমতা অর্জন করা, কেউ মনে করতে পারেন মানুষ হওয়া মানে বেশ বড়সড় কেউকেটা হওয়া, কিংবা এলাকার নেতা বা নাচ-গান-আঁকা-লেখা-খেলা ইত্যাদি কোনও বিশেষ প্রতিভায় উজ্জ্বল হয়ে ওঠা। এসব ভাবনায় একের সঙ্গে ন্যের মিল নেই, কারণ মানুষের চেতনা তৈরি হয় তাঁর পূর্বপুরুষের ধারণা, বংশের বৈশিষ্ট্য, ব্যক্তিগত অভিজ্ঞতা ও তার সমাজের মূল্যবোধকে ভিত্তি করে। জীবনকে যে যেমন দেখেন, তিনি সাফল্যের মানদণ্ড সেইভাবেই তৈরি করেন। সেই মানদণ্ডেই সফল হওয়াকে বেশ 'মানুষ' হওয়া বলে মনে করেন। খুব স্বভাবতই তাই একেক মানুষের জীবনদর্শন একেক রকম।

## সত্যের সন্ধানে স্বামী বিবেকানন্দ জীবন ও দর্শন


সত্যের সন্ধানে স্বামী বিবেকানন্দ: জীবন ও দর্শন -- গ্রন্থটি সম্পর্কে রামকৃষ্ণ মঠ ও মিশনের মুখপত্র উদ্বোধনে লেখা হয়েছে: "স্বামী বিবেকানন্দের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে চেয়ে অসংখ্য লেখক লেখিকা গ্রন্থ বা প্রবন্ধ রচনা করেছেন। তাঁদের মধ্যে এই লেখকের রচনার বিশিষ্টতা লক্ষ্য করার মতো।... গ্রন্থকার স্বামীজীর জন্মের পর থেকে 'শেষের সেদিন' পর্যন্ত নানা স্তরকে বিশ্লেষণ করে তাঁর আজীবন সত্যানুসন্ধিৎসু রূপটি পরতে পরতে মেলে ধরেছেন। চারটি অধ্যায়ে তিনি তাঁর জীবনের প্রতিটি পর্ব বিশ্লেষণ করে স্বামীজীর জীবনই যে তাঁর বাণী, সে-কথা উজ্জ্বলভাবে প্রতিষ্ঠিত করেছেন। বিবেকানন্দের জীবনের প্রতিটি স্তর, প্রত্যেক ঘটনা নিয়ে অনেক কথা বলার আছে, ভাবার আছে। লেখক গ্রন্থের শিরোনাম অনুযায়ী সব আলোচনাকে সত্যের সন্ধানে স্বামী বিবেকানন্দ-এই বক্তব্যতে সংহত করেছেন। প্রামাণিক সব তথ্য তিনি সঙ্গে সঙ্গে দিয়ে গেছেন, ফলে সমগ্র গ্রন্থটির কোন অংশ খাপছাড়া মনে হয় না। সাবলীল ভাষা ও গল্পের মতো বর্ণনা পাঠককে তন্ময় করে রাখে।"( উদ্বোধন, ১৪২৩, সপ্তম সংখ্যা, পৃষ্ঠা ৫০৮)




₹ ৩০০/-

প্রকাশক ঃ বোধিসত্ত্ব

## স্বামী বিবেকানন্দ ঃ জীবন ও বাণী





₹ ২০০/-

যুগ সন্ধিক্ষণে স্বামী বিবেকানন্দ এসেছিলেন সঞ্চালিত সমাজকে পথ দেখাতে, ধর্মের নামে অনাচার থেকে মুক্ত করে মানুষকে প্রকৃত মানব ধর্মে প্রতিষ্ঠা করতে। খুব ছোটবেলা থেকেই তাঁর অসাধারণ জীবন গঠনের শিক্ষা ক্রমে মানবিক সাধনায় লাভ করে। অনন্ত এই মহাজীবনের না জানা নানা তথ্য তুলে ধরেছে এই বই। প্রকাশ করেছে স্বামীজীর মধ্যে এমন এক ঈশ্বরকে যিনি এসেছিলেন এই নব যুগে বাঁচার পথ দেখাতে। তাঁর প্রতিটি কথাই মনেরেখেছে তাঁর বাণী হিসেবে। রয়ে গেছেন তিনি মানব সভ্যতার ইতিহাসে এক অনন্য পুরুষ হিসেবে। এমন এক মহাজীবনে বিলে থেকে বিবেকানন্দ হয়ে ওঠার প্রতিটি পর্ব বিস্তৃত রয়েছে এই বইতে। সঙ্গে রয়েছে ১০১টি তাঁর সেরা বাণী। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**


## স্বাধীনতা সংগ্রাম ও বিবেকানন্দ

পরাধীন ভারতবর্ষের মুক্তির সংগ্রামে যে সব বিপ্লবীরা ঝাঁপিয়ে পড়েছিলেন স্বামী বিবেকানন্দ ছিলেন তাঁদের আদর্শ। স্বাধীনতা অর্জনে স্বামীজীর আহ্বান তৎকালীন বাঙালি যুব মনে প্রবল আলোড়ন ফেলেছিল।তাঁর বাণী শুনে শত শত বিপ্লবী হাতে অস্ত্র তুলে নিয়েছিলেন, স্বামীজি নিজেও বলতেন, এখন বোমা তৈরির সময়।স্বাধীনতা সংগ্রাম ঘিরে স্বামীজীর ভূমিকা ব্রিটিশ গোয়েন্দা পুলিশের নজরে আসে।তাঁকে গ্রেপ্তার করার কথা ভাবা হয়,কিন্তু যথেষ্ট প্রমাণ পাওয়া যায় নি।এদিকে কংগ্রেসের নেতৃত্বে যেভাবে স্বাধীনতা সংগ্রামের কথা ভাবা হচ্ছিল স্বামীজীর স্বাধীনতার ধারণা ছিল তার থেকে অনেক বিস্তৃত ও গভীর। স্বাধীনতা সংগ্রামে তার ঐতিহাসিক ভূমিকা স্বীকার করে গেছেন মহাত্মা গান্ধী ,নেতাজি সুভাষ, জহরলাল নেহরু সহ তৎকালীন জাতীয় কংগ্রেস এবং মার্কসবাদী নেতৃবৃন্দ। স্বাধীনতা আন্দোলনে স্বামীজীর ভূমিকা তুলে ধরতে টি প্রচুর তথ্য , বহু বিপ্লবীর কথা এবং না জানা ঘটনা তুলে ধরা হয়েছে। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ২৫০/-

# স্বামী বিবেকানন্দ রচিত
# সঞ্জয় মুখোপাধ্যায় সম্পাদিত




₹ ২৫০/-


## আমার জীবন ও ব্রত

স্বামী বিবেকানন্দ নিজেকে কোন চোখে দেখতেন? নিজের জীবন ও ব্রত সম্পর্কে তাঁর বক্তব্য কী ছিল? তিনি কি কেবলই নিজেকে একজন সন্ন্যাসী বলে ভাবতেন, নাকি তাঁর কাছে এই জীবন ছিল সত্যের অন্বেষণ।নয় খন্ডের বাণী ও রচনায় নিজের সম্পর্কে যেখানে যেখানে যা তিনি বলেছেন সেসব সম্পূর্ণ অপরিবর্তিত রেখে এই বইটি টিকা সহ সংকলিত হয়েছে। স্বামীজীর নিজের কথায় তাঁর সম্পর্কে জানবার এমন প্রামাণ্য গ্রন্থ আর নেই, এই বইয়ের প্রতিটি বাক্য স্বামীজির উচ্চারিত। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**


## আমার গুরুদেব

ঠিক কোন চোখে স্বামীজি দেখতেন তাঁর গুরুদেবকে। কেন শ্রীরামকৃষ্ণ কি মনে করতেন অবতার শ্রেষ্ঠ? কোন বিশেষ বাণী ও চিন্তনের দর্শন তিনি পেয়েছিলেন ঠাকুরের কাছে? শ্রীরামকৃষ্ণ সম্পর্কে স্বামীজীর সমস্ত লেখা ও কথা সংকলি এই গ্রন্থে।

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ১৭০/-





₹ ২৫০/-

## বুদ্ধ ও তাঁর বাণী

বুদ্ধদেব ছিলেন স্বামী বিবেকানন্দের আরাধ্য পুরুষ।গভীরভাবে স্বামীজি বুদ্ধের প্রতিটি কথা অনুধাবন করেছেন , তার মর্মার্থ উপলব্ধি করে জীবন ও সত্যের সাধনায় বুদ্ধের অমোঘ অস্তিত্ব মেনে নিয়েছেন।কেন স্বামীজি বুদ্ধকে হিন্দু ধর্মেরই প্রলম্বিত প্রতিফলন বলে ভাবতেন সে কথা তিনি নিজেই ব্যক্ত করেছেন বেশ কিছু ভাষণে।আমেরিকায় প্রদত্ত সেইসব ভাষণ ও তাঁর বাণী যেগুলি স্বামীজি বিশেষভাবে স্মরণ করতেন সেগুলি আগ্রহী পাঠকের স্বার্থে এই বইতে সংকলিত করা হল। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**


## ধর্ম কী ও কেন প্রয়োজন

স্বামীজি এমন একটা সময় জন্মেছিলেন যে সময় বিজ্ঞানের নব নব আবিষ্কারে পুরোহিতদের পুরাতন জগৎ সম্পর্কিত ব্যাখ্যা নস্যাৎ হয়ে যাচ্ছিল।পাশ্চাত্যের দার্শনিকদের বস্তুবাদী জিজ্ঞাসা ধর্মের প্রয়োজন ও প্রাসঙ্গিকতা নিয়ে প্রশ্ন তোলা শুরু করে।সেই সময় বৈজ্ঞানিক অনুসন্ধিৎসা ও যুক্তির আলোকে ধর্মের প্রয়োজন ব্যাখ্যা করেন স্বামীজি।কেন বিজ্ঞানের চরম বাস্তব অভিজ্ঞতাতেও ধর্ম এক অনস্বীকার্য অভিঘাত , ধর্ম ছাড়া জীবন সংকটে পড়তে বাধ্য, কিভাবে , বস্তুবাদী আমেরিকানদের কাছে সে কথাই তুলে ধরেন বেশ কিছু ভাষণে।আজকের প্রেক্ষিতে সেই সব ভাষণের পুনর্পাঠ অতীব জরুরি।এই বইয়ে স্বামীজীর প্রতিটি ভাষণের সুচিন্তিত সংকলন সেই বোধ জাগ্রত করে যা প্রকৃত ধর্মকে পুরোহিতদের কবল থেকে মুক্ত করে, ধর্ম সম্পর্কে একটি সংস্কারমুক্ত বিজ্ঞানসম্মত দৃষ্টিভঙ্গী গড়ে তোলে।




₹ ২৫০/-

**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ১৭০/-


**প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## হিন্দু ধর্ম

প্রকৃত হিন্দু ধর্ম কী ? কবে থেকে তার বিকাশ,কোন চেতনার আধারে হিন্দু ধর্ম তুলে ধরে মানুষের শাশ্বত মানবিক মূল্য । আধ্যাত্মিক অনুসন্ধিৎসায় হিন্দুরা জীবনকে কিভাবে দেখে, এসব নিয়ে স্বামীজীর ভাবনা ছিল একেবারেই তাঁর নিজের মতো। শঙ্করাচার্যের মতে তাঁর শ্রদ্ধা থাকলেও নিজের একান্ত বিশ্বাস ছিল গুরুদেব রামকৃষ্ণের ব্যাখ্যাকৃত অদ্বৈত দর্শনে।এইখানেই স্বামীজীর হিন্দু ধর্মের ভাবনা সকলের থেকে আলাদা। চিন্তন ও মননের সেই পৃথক দর্শনে স্বামীজীর হিন্দু ধর্ম কতটা পৃথক ভাবনা তুলে ধরেন জানতে এই বইটি পড়তে হয়। শিকাগো থেকে আমেরিকায় বহু শহরে আয়োজিত ভাষণে হিন্দু ধর্মের অতন্দ্র সৈনিকের মতো স্বামীজি শাস্ত্র, বিজ্ঞান ও যুক্তির বিন্যাসে বিরুদ্ধবাদীদের আক্রমণ প্রতিহত করেছেন। সাজিয়েছেন নিজের যুক্তি জালে এক অনন্য ভাব।হিন্দু ধর্ম সম্পর্কে স্বামী বিবেকানন্দের ভাষণগুলি সংকলিত হলো এই বইতে।

## বেদান্ত দর্শন

স্বামীজি বেদান্তকে সাধুর কমন্ডুল থেকে বের করে সাধারণ মানুষের জীবন চর্চার আদর্শ হিসেবে তুলে ধরেন। শঙ্করাচার্যের ভাবনার প্রতি তাঁর শ্রদ্ধাশীল মনোভাব থাকলেও বিশ্বাসের মূল গ্রথিত হয়েছিল ঠাকুরের বেদান্ত ব্যাখ্যায়। শিব জ্ঞানে জীব সেবার মন্ত্রে স্বামীজি বেদান্তের এক যুগোপযোগী রূপ তুলে ধরেন।প্রাকটিকাল বেদান্ত নামে তার বহুল পরিচিতি । এ সম্পর্কে স্বামী বিবেকানন্দের প্রতিটি ভাষণ এই বইতে সংকলিত হল জিজ্ঞাসু পাঠক ও সাধারণ মানুষের কাছে পথের দিশা খুঁজে পেতে। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ২৫০/-

# সঞ্জয় মুখোপাধ্যায়ের কাব্যগ্রন্থ





₹ ১২০/-

## তৃষা পাশে থেকো

প্রথম কাব্যগ্রন্থেই সঞ্জয় মুখোপাধ্যায় ধাক্কা দিতে চেয়েছেন পাঠকের হৃদয়ে। নিঃসীম বিরহে খুঁজেছেন প্রেম, নির্জনতার মাঝে খুঁজেছেন নিঃসঙ্গ একাকী সত্ত্বা। উদাসী বাতাসের গানে যাঁর বুকের ভিতর স্তব্ধতা কাঁদে নিরুচ্ছার। তৃষার মধ্যেই তাঁর জীবন ভাবনা, তাঁর প্রাণের স্পন্দন। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## শুধু তোমাকে চাই

সঞ্জয় মুখোপাধ্যায় "শুধু তোমাকে চাই" কাব্যগ্রন্থের ৭০টি কবিতায় প্রেমের মধ্যেই এক অনন্য জীবনদর্শনকে তুলে ধরেছেন কবিতার সরণি বেয়ে কবি খুঁজেছেন সম্পর্কের বিভিন্ন রূপ। প্রিয়তম মানুষকে খুঁজেছেন নিজের আশ্রয় হিসেবে। কবি মনে করেছেন, ভালোবাসাই জীবনের ধর্ম-সেটাই চূড়ান্ত সত্য। আঙ্গিকে, ভাবনায়, এবং আধুনিক কবিতার সমস্তরকম দুর্বোধ্যতা ছুঁড়ে ফেলে কবি এই কাব্যগ্রন্থ রচনা করেছেন সহজ ভাষায়। কবিতাকে তুলে ধরেছেন অন্তরের অনুভূতিতে। **প্রকাশক ঃ বাতায়ন**




₹ ১২০/-




₹ ১২০/-

## একটা নতুন জীবন খুঁজছি


এক জীবনের মধ্যেই অনেক জীবন লুকিয়ে। সময়ের আনাচে কানাচে জীবন উঁকি মারে, কথা কয়, হাতছানি দিয়ে ডাকে। শেষে তার বাইরে মানুষ এসে দাঁড়ায়, খোঁজে এক নতুন জীবন।

জীবন চলে থাকে এক থেকে অন্য জীবনে। অন্তহীন এই অন্বেষণের নামও জীবনকে দেখা। সংসার ও জগৎ থেকে ছুটি নিয়ে কিংবা না নিয়ে এক অন্যলোক দর্শন করতে চান কবি। জীবন শুধু নিজের জন্য নয়। জগতের নানালোকে জীবনের নতুন নতুন রূপ...নতুন স্বাদ, উদ্দাম প্রেম থেকে বিষণ্ণ মৌনতায় কবি খুঁজেছেন জীবনের মানে। জীবনের নব নব রূপের স্বাদ নিতে চেয়েছেন কবি সঞ্জয়! **প্রকাশক ঃ বাতায়ন**


# সঞ্জয় মুখোপাধ্যায়ের যৌথ কাব্যগ্রন্থ

## বাছাই করা কবিতা

পাঁচ কবির আকাশকে এক মুঠোয় ধরে রাখতে চাওয়ার অন্য নাম বাছাই কবিতা ২। কেন সঙ্গে লেজুড় এই '২'? কারণ এর 'অগ্রজ' যে সংস্করণ তা ইতি পূর্বেই স্বনামে সুপরিচিত পাঠকের দরবারে। সেই সংকলনের কবিরাই নতুন বন্ধু নিয়ে এবার হাজির নতুন স্বাদ দিতে। এবারও 'বাছাই কবিতা ২' সমাদৃত হবে নিজ বৈশিষ্ট্যের লাবণ্যে, সৃজনের মাধুর্যে, কাব্য সুষমায়। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**




₹ ১৫০/-




₹ ১৫০/-


## বাছাই করা কবিতা ২

পাঁচ কবির আকাশকে এক মুঠোয় ধরে রাখতে চাওয়ার অন্য নাম বাছাই কবিতা ২। কেন সঙ্গে লেজুড় এই '২'? কারণ এর 'অগ্রজ' যে সংস্করণ তা ইতি পূর্বেই স্বনামে সুপরিচিত পাঠকের দরবারে। সেই সংকলনের কবিরাই নতুন বন্ধু নিয়ে এবার হাজির নতুন স্বাদ দিতে। এবারও 'বাছাই কবিতা ২' সমাদৃত হবে নিজ বৈশিষ্ট্যের লাবণ্যে, সৃজনের মাধুর্যে, কাব্য সুষমায়। **প্রকাশক ঃ বোধিসত্ত্ব**

## বলো ভালোবাসি

ভালোবাসা সব মানুষই পেতে চায়। বোধ হয়, এর চাইতে বড় সুখ ও বড়ো তৃপ্তি আর কিছুতে নেই। সব মানুষই ভালোবাসার কথা বলতে চায়, প্রেমাস্পদের কাছে শুনতে চায়, বলতে চায়—'বলো ভালোবাসি'। তাই নিয়েই এই কাব্যগ্রন্থ। কবিতার ছত্রে ছত্রে তার আন্তরিক প্রকাশ সাবলীল মাধুর্যে লালিমাদীপ্ত। ভালোবাসা নিয়ে তিন কবির তিন ভঙ্গিমা, তিন দৃষ্টিকোণ। তিন রকম অনুভূতি। তিন কবি ভালোবাসাকে দেখেছেন ত্রিনয়নে—অন্তরে, বাহিরে, উপলব্ধির চোখ দিয়ে।

**প্রকাশক ঃ বাতায়ন**




₹ ১০০/-




₹ ১৮০/-

## প্রিয়তমাসু

প্রিয়তমাকে কত ভাবে দেখা যায়? প্রিয় থেকে প্রিয়তমা হয়ে ওঠার জার্নিটা কেমন? কবি তো এমন মনে করতেই পারেন ঃ "যে চোখে দেখেছি তোমায় আধারে পথ ভুলে, দেখেছি আমার আলো তোমার দুচোখে, তুমি কি জেনেছো আমার স্বপ্ন লালিমা, লালিত আমার স্বপ্ন তোমার দুই চোখে।"


প্রেমিকের কাছে তো বটেই, প্রেমিক যদি কবি হন তাহলে প্রিয়তমার রূপ কতরকম হতে পারে, এই বইয়ের পাঁচ কবির কাব্যসুষমায় তারই এক অনুপম চিত্র। **প্রকাশক ঃ বাতায়ন**

# সম্পাদিত কবিতার বই


## দ্রোহকাল

করোনাকালে মানুষের বিক্ষুব্ধ চেতনা কিভাবে আন্দোলিত হয়েছে, সেটাই তুলে ধরার জন্য কবিদের কাছে পৌছানো। কবিতার মধ্যে দিয়ে যাঁরা জীবনকে খোঁজেন, পরখ করেন চারদিকের বাস্তবতা, পরাবাস্তবতার আড়ালে লুকিয়ে থাকা সত্যকে, সেই কবি চেতনায় কিভাবে এই মহামারী ধরা পড়েছে তারই অনুসন্ধানে এই কবিতা সংকলন। নানা কবির নানা ভাবনায় ধরা পড়েছে এই সময়।

**প্রকাশক ঃ বাতায়ন**




₹ ১৫০/-




## ঢেউ ভাঙ্গে দুই পাড়ে

আবৃত্তির বই কম নেই। কিন্তু একেবারে টাটকা কিছু নতুন কবিতা নিয়ে এই বই, যা অন্য কোথাও কোনো সংকলনে নেই। ৫০ জন কবির অপ্রকাশিত ৫০টি কবিতা নিয়ে এই সংকলন। চিরকালীন প্রেম, বিরহ, ভালোবাসা পেরিয়ে মানব জীবনের সত্যকে খোঁজার চেষ্টা হয়েছে। পাঠকের অন্তহীন জিজ্ঞাসার উত্তর খুঁজতে খুঁজতে এই সংকলন হয়ে উঠেছে কবি ও কবিতার মানসভূমি।

**প্রকাশক ঃ বাতায়ন**

## আবৃত্তির নতুন কবিতা

আবৃত্তি নিয়ে বাজারে কবিতার বইয়ের অভাব নেই। কিন্তু সবই প্রায় পুরনো কবিতা নিয়ে। নতুন কবিদের কবিতা পাঠের স্বাদ আর আমেজ নিয়ে এই সংকলন। প্রতিটা কবিতাই ভিন্ন ছন্দে, নতুন রসে সমৃদ্ধ। প্রবীণদের সাথে নবীন কবিদের কবিতা সংকলন হিসেবে বইটি সংগ্রহে রাখার মতো। **প্রকাশক ঃ বাতায়ন**




₹ ১২০/-




₹ ১৫০/-


## শব্দের চুপকথা

চুপি চুপি কানে কানে কবিরা কথা বলে প্রকৃতির সাথে। মায়াময় আলো, আঁধার, প্রেম কাটে নিঃশব্দের সংলাপে। একা। আত্মমগ্ন কবি খোঁজেন জীবনের মানে। এই কাব্য সংকলনে উজ্জ্বল উপস্থিতি ঃ বিষ্ণু দে, সঞ্জয় ভট্টাচার্য, অরুণ মিত্র, সমর সেন, অলোক রঞ্জন দাশগুপ্ত, বেলাল চৌধুরী, কালীকৃষ্ণ গুহ, যশোধারা রায়চৌধুরী, সমরেন্দ্র দাস, প্রসূন ভৌমিক, সুজন ভট্টাচার্য, দীপশিখা ঘোষ ভৌমিক, সঞ্জয় মুখোপাধ্যায়, শ্যামশ্রী রায় কর্মকার, প্রত্যুষ কর্মকার, ভাস্কর পাল, রবীন বসু, মৌ ঘোষ, বিটু দাস। **প্রকাশক ঃ বাতায়ন**

## WORLD FAMOUS SPEECHES

Great Speeches uphold the history of mankind. Some speeches reflect the eternal truth, some raise the voice and struggle for justice. Speeches made by Socrates or Martin Luther King hold that kind of essence till today. On the other hand, speeches made by Hitler, Roosevelt recreate the story of hate, lust and mass destruction which shows how much animality is within the man himself. Here, in this book, these speeches are historically important and they psychologically highlight the essence and sprit of human civilization as well..This book is, for this reason, a must read to know many unknown facts of history.

Publishers : Bodhisattva




₹ 300/-

## প্রকাশের পথে





নীতির ভুলে অর্থনীতি

সমাজের মুষ্টিমেয় বিত্তশালী ও উচ্চ মধ্যবিত্ত কে টার্গেট করে যেভাবে দেশের উন্নয়ন সংক্রান্ত নীতিগুলি নেওয়া হয়েছে তাতে চাহিদা তৈরী বাড়ছে না ফলে কর্মসংস্থানও বাড়ছে না কাম্য মাত্রায়। ইপ্সিত লক্ষ্যে উন্নয়ন ঘটাতে হলে সমাজের নীচু তলার উন্নয়ন সবার আগে চাই। তাদের চাহিদা তৈরী হবে লগ্নি করার পরিবেশ তৈরী হবে। তবেই উন্নয়ন সার্বিক এবং সর্ব্বব্যাপ্ত হবে। সরকার ভুল করছে এখানেই কিভাবে কেন কোন নীতির ভুলে অর্থনীতি ব্যর্থ হচ্ছে সার্বিক উন্নয়নের ভিত্তি তৈরী করতে, এবং কিভাবে মোড় ঘোরানো যেতে পারে তাই নিয়ে এই বই।

**প্রকাশক : বোধিসত্ত্ব**

₹ ২৫০/-




অপ্রতুল কথা

গণসঙ্গীত শিল্পী প্রতুল মুখোপাধ্যায় বাংলার মানুষের অন্তরে স্থান করে নিয়েছেন তাঁর কালজয়ী অমর সৃষ্টি 'অমি বাংলায় গান গাই' সঙ্গীতের মধ্য দিয়ে। শুধু এই গানটি নয় এরকম অসংখ্য অনন্যসাধারণ সঙ্গীতের গীতিকার, সুরকার ও গায়ক তিনি। তা সত্ত্বেও তিনি সঙ্গীতের বৃত্ত পেরিয়ে মানুষের কাছে পৌঁছে গেছেন সংগ্রামী জনতার আশা আকাঙ্খার বার্তা তুলে ধরে। গণ আন্দোলনের মধ্য দিয়েই রয়ে যাবেন চিরকাল বাংলার ইতিহাসে। এহেন ব্যক্তিত্বের মধ্যে লুকিয়ে থাকা মানুষটির সন্ধান খুঁজেছেন সঞ্জয় মুখোপাধ্যায়। অন্তহীন আলাপে সংলাপে এই বইতে ধরা পড়েছে এক অন্য প্রতুল মুখোপাধ্যায়।

**প্রকাশক : বোধিসত্ত্ব**

₹ ২৫০/-

## কলকাতা বইমেলায় প্রকাশের পথে

নেতাজীর ভাষণ ও মুক্তি সংগ্রাম
শেয়ার বাজার রহস্য ঃ সফলতার সূত্র
**SHARE TRADING SECRET**

অপ্রতুল কথা
প্রখ্যাত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়ের সঙ্গে আলাপন

স্বামী বিবেকানন্দ ঃ জীবন ও বাণী
স্বাধীনতা সংগ্রাম ও বিবেকানন্দ
নীতির ভুলে অর্থনীতি
কাব্যগ্রন্থ ঃ একটা নতুন জীবন খুঁজছি
কর্মজগতে সফল হবেন কী করে

## সম্পাদিত বই

স্বামী বিবেকানন্দ রচিত

বুদ্ধ ঃ জীবন ও বাণী
বেদান্ত দর্শন
হিন্দু ধর্ম
ধর্ম কী ও কেন

বিশ্বখ্যাত পরিচালকদের আত্মকথায়
কেন সিনেমা করি ?